

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২১-০৪-২০২২

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৮-০৪-২০২২ থেকে ২০-০৪-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

১৮ই এপ্রিল :

গণমাধ্যম থেকে পাওয়া সংবাদ অনুযায়ী পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় শিলাবৃষ্টি হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, আলিপুরদুয়ার, দার্জিলিং, মালদা ও জলপাইগুড়ি জেলাগুলির কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম জেলার দুয়েক জায়গায় অতি হালকা ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানতঃ শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান :

পুন্ডিবাড়ি, দিয়ানা -৩; কোচবিহার -২ ; আলিপুরদুয়ার,হাসিমারা -১

১৯ শে এপ্রিল :

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের পার্বত্য অঞ্চলের দুয়েক জায়গা হালকা থেকে মাঝারি কুয়াশাচ্ছন্ন ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, মালদা জেলার দুয়েক জায়গায় অতি হালকা ধরনের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ঝাড়গ্রাম জেলার দুয়েক জায়গা অতি হালকা ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানতঃ শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান :

বাগডোগরা -২; দিয়ানা, চেপন, দুর্গাচক,বাগাতি, কলকাতা, ব্যারাকপুর, দমদম, সল্টলেক, ক্যানিং, ডায়মন্ড হারবার, ঝাড়গ্রাম, খড়গপুর, মেদিনীপুর -১

২০ শে এপ্রিল :

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা জেলার দুয়েক জায়গার উপর দিয়ে দমকা ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল (ভারতীয় সময় -০২১৫, সর্বোচ্চ গতিবেগ-৪৪ কিমি/ঘন্টা)। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় দমকা ঝোড়ো হাওয়া এবং সাথে শিলাবৃষ্টি (ব্যাসার্ধ- ২-৩ সেমি) পরিলক্ষিত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের পার্বত্য অঞ্চলের দুয়েক জায়গা হালকা থেকে মাঝারি কুয়াশাচ্ছন্ন ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গা হালকা থেকে মাঝারি কুয়াশাচ্ছন্ন ছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানতঃ শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান :

বারোভিসা, আলিপুরদুয়ার-৫ ; বাগডোগরা, চেপন , মাঝিয়ান , আলিপুরদুয়ার -৩ ; দিয়ানা, কোচবিহার , মালদা , পুন্ডিবাড়ি, হাসিমায়া, মাঝিয়ান -২, গজলডোবা, রায়গঞ্জ , মাথাভাঙ্গা, দার্জিলিং, শিলিগুড়ি -১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৫ থেকে ৮৮ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬২ থেকে ৯১ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংসে সর্বোচ্চ তাপমাত্রা ১৮ ই এপ্রিল বাঁকুড়ায় ৪৩.২ ডিগ্রি সেলসিয়াস ছিল এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৮ ই এপ্রিল পুরুলিয়ায় ২৪.১ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিন (২২-০৪-২০২২ থেকে ২৪-০৪-২০২২ অবধি) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির কয়েক জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান , বীরভূম, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের

বাকি জেলাগুলিতে দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। আগামী ১-২ দিন রাতের তাপমাত্রা ২-৩ ডিগ্রী কমে যাওয়ার সম্ভবনা আছে এবং পরবর্তী ৩ দিন রাতের তাপমাত্রা ২-৪ ডিগ্রী বেড়ে যাওয়ার সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, হাওড়া ও হুগলি, কলকাতা, পূর্ব বর্ধমান ও নদীয়া জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং, কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া ও মুর্শিদাবাদ জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:

দিন ১ -

পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় ৪০-৫০ কিমি/ঘন্টা বেগে দমকা ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ শিলাবৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, হাওড়া ও হুগলি, কলকাতা, পূর্ব বর্ধমান ও নদীয়া জেলাগুলির দুয়েক জায়গায় ৪০-৫০ কিমি/ঘন্টা বেগে দমকা

ঝোড়ো হাওয়া ংবং বজ্রবিদ্যুৎসহ শিলাবৃষ্টিপাতের সম্ভবনা ংছে | পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা ংছে |

দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, জলপাইগুড়ি ও ংলিপুরদুয়ার জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা ংছে |

পরবর্তী ২ দিনের ংনুমান : সামান্য পরিবর্তন হবে |

স্বাক্ষরিত

পক্ষে

ংঞ্চলিক ংবহাওয়া কেন্দ্র , ংলিপুর

২১-০৪-২০২২